দৈনিক ইনকিলাব

তারিখ 3 JUL 1997
পৃষ্ঠা ৭ কলাম ৫

04

জাতীয় শিক্ষা সপ্তাহ

# ঢাকা ভার্সিটিতে বিভিন্ন বিষয়ে প্রতিযোগিতার আয়োজন

জাতীয় শিক্ষা সপ্তাহ '৯৭ উদযাপন উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে কয়েকটি বিষয়ের ওপর প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। এর মধ্যে রয়েছে ঃ কেরাত, হামদ-নাত, রচনা, বাংলা কবিতা আবৃত্তি, উপস্থিত বক্তৃতা, সুন্দর হাতের লেখা, তাৎক্ষণিক অভিনয়, দেশাত্মবোধক গান, রবীন্দ্র সংগীত, নজরুল সংগীত, লোকগীতি, উচ্চাঙ্গ সংগীত, আধুনিক নৃত্য ও লোকনৃত্য।

প্রতিযোগিতায় অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীদের নির্ধারিত ফরমে দরখাস্ত আগামী ৪ আগস্টের মধ্যে ছাত্র নির্দেশনা ও পরামর্শদান দপ্তরে দাখিল করতে হবে। এ ফরম হল অফিসে পাওয়া যাবে। প্রতিযোগিতা ৯ আগস্ট থেকে ১৫ আগস্ট পর্যন্ত ছাত্র-শিক্ষক কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

প্রতিযোগিতার সময়, তারিখ, স্থান ও অন্যান্য বিষয় ছাত্রনির্দেশনা ও পরামর্শদান দপ্তর থেকে জানা যাবে। প্রতি বিষয়ে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীগণকে ১৬ আগস্ট সকাল ১০টায় ছাত্র-শিক্ষক কেন্দ্রের অডিটোরিয়ামে পরস্কার ও সার্টিফিকেট প্রদান করা হবে। প্রতিবিষয়ে প্রথম স্থান অধিকারীদের নাম জাতীয় পর্যায়ে প্রতিযোগিতার জন্য শিক্ষা মন্ত্রণালয়ে পাঠানো হবে। প্রেস বিজ্ঞপ্তি।